



বিশ্বসেরার তালিকায় ঢাবি

প্রকাশিত: ২৪ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

জনকণ্ঠ ডেস্ক ॥ বিশ্বসেরার তালিকায় স্থান পেয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। লন্ডনভিত্তিক শিক্ষা বিষয়ক সাময়িকী টাইমস হায়ার এডুকেশনের প্রকাশিত র্যাংকিংয়ে উঠে এসেছে বিশ্ববিদ্যালয়টির নাম। ৯২ দেশে জরিপ চালিয়ে এই র্যাংকিং তৈরি করা হয়েছে। এতে প্রতিবেশী দেশ ভারতের ৩৬ প্রতিষ্ঠানের নাম এলেও বাংলাদেশের নাম ধরে রাখা একমাত্র প্রতিষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয়। এক হাজার ৪শ' বিশ্ববিদ্যালয়ের মধ্যে ঢাবি'র অবস্থান এক হাজারের পর। খবর ওয়েবসাইটের।

তালিকায় প্রথমেই রয়েছে যুক্তরাজ্যের বিশ্বখ্যাত অক্সফোর্ড ইউনিভার্সিটির নাম। এরপর রয়েছে যথাক্রমে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া ইনস্টিটিউট অব টেকনোলজি ও যুক্তরাজ্যের ক্যামব্রিজ ইউনিভার্সিটির নাম। চতুর্থ ও পঞ্চম স্থানে রয়েছে যথাক্রমে যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড ইউনিভার্সিটি এবং ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজি।

শীর্ষ দশে থাকা অন্য বিশ্ববিদ্যালয়গুলো হলো যথাক্রমে প্রিন্সটন ইউনিভার্সিটি, হার্ভার্ড ইউনিভার্সিটি, ইয়েল ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব শিকাগো এবং ইম্পেরিয়াল কলেজ লন্ডন। র্যাংকিংয়ে এশীয় দেশগুলোর মধ্যে জাপানের ১১০, চীনের ৭০, তুরস্কের ৩৬, ভারতের ৩৬, ইরানের ২৪, মালয়েশিয়ার ১০, পাকিস্তানের ৭, সৌদি আরবের ৭, সিঙ্গাপুরের ২, শ্রীলঙ্কার ২, ইন্দোনেশিয়া ও বাংলাদেশের একটি করে বিশ্ববিদ্যালয়ের নাম রয়েছে। র্যাংকিংয়ের ক্রম এক হাজার পর্যন্ত করা হয়েছে। এরপরের বিশ্ববিদ্যালয়গুলোর নাম ক্রমান্বয়ে উল্লেখ করা হলেও স্বতন্ত্র কোন অবস্থান বলা হয়নি। এক হাজারের পর সবকটি বিশ্ববিদ্যালয়কে ১০০১+ হিসেবে দেখানো হয়েছে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বান্স: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

